

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬. ০৪৬. ০১৮. ০০. ০০. ০৬১. ২০১৫- ০৪৮৩

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য জনাব আফরোজা ইয়াছমিন স্বীয় পদ থেকে পদত্যাগ করায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১২(২) ধারা মোতাবেক তাঁর পদত্যাগপত্র সরকার কর্তৃক গৃহীত হইল। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৪(১)(গ) ধারা অনুযায়ী গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা পরিষদের সংরক্ষিত আসন-এর মহিলা সদস্য পদটি সরকার কর্তৃক শূন্য ঘোষণা করা হইল।

J.A.M.  
০৭/১২/২০১৫  
(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬. ০১৮. ০০. ০০. ০৬১. ২০১৫- ০৪৮৩

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৪। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা। পদত্যাগজনিত কারণে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসন পদ শূন্য হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] অনুযায়ী উপ-নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৬। জেলা প্রশাসক, গাজীপুর।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। চেয়ারম্যান, শ্রীপুর উপজেলা পরিষদ, গাজীপুর।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ১২। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীপুর, গাজীপুর।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর।
- ১৪। আফরোজা ইয়াছমিন, প্রাক্তন মহিলা সদস্য, সংরক্ষিত আসন, উপজেলা পরিষদ, শ্রীপুর, গাজীপুর।
- ১৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

J.A.M.  
০৭/১২/২০১৫  
(ড. জুলিয়া মঈন)  
সিনিয়র সহকারী সচিব